

প্রধান শিক্ষক নিয়োগ দ্রুত শেষ করার সুপারিশ সংসদীয় কমিটির

সংসদ বার্তা পরিবেশক

নির্বাচিত প্রধান শিক্ষকদের নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার সুপারিশ করেছে গ্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। কমিটির পক্ষ থেকে নিয়োগের প্রক্রিয়ায় থাকা রাজস্ব খাতের প্রধান শিক্ষকদের নিয়োগ আগামী ৩১ জানুয়ারি এবং উন্নয়ন প্রকল্পের আওতায় সহকারী শিক্ষকদের নিয়োগ প্রক্রিয়া আগামী ডিসেম্বরের মধ্যে সমাপ্ত করারও সুপারিশ করা হয়েছে।

জাতীয় সংসদে গতকাল রোববার অনুষ্ঠিত সংসদীয় স্থায়ী কমিটির সভায় এই সুপারিশ করা হয়। কমিটির সভাপতি হেলালুজ্জামান তালুকদার লালুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে উপস্থিত ছিলেন পরিবেশ ও বন প্রতিমন্ত্রী জাফরুল ইসলাম চৌধুরী। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কমিটির সদস্য মুজিবুর রহমান, নজির হোসেন ও কাজী আব্দুলমিনসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তারা।

সভায় জানানো হয়, রাজস্ব খাতে গ্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদের জন্য ৪ লাখ ৯২ হাজার ২৮৮টি আবেদনপত্র জমা পড়ে। এর মধ্যে ৪ লাখ ৩৮ হাজার ৩৯২টি আবেদনপত্র বৈধ বলে গণ্য হয়। লিখিত পরীক্ষায় ৩ লাখ ৬৯ হাজার ২৯ জন উত্তীর্ণ হয়েছে। অন্যদিকে গ্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি-২-এর আওতায় ১৪ হাজার ২০০ সহকারী শিক্ষক

পদের বিপরীতে ২ লাখ ৪৫ হাজার ২৪৬টি আবেদন জমা পড়ে। এর মধ্যে ২ লাখ ২২ হাজার ২০১টি আবেদনপত্র বৈধ হয়েছে।

সভাশেষে কমিটির সভাপতি হেলালুজ্জামান তালুকদার লালু জানান, শিক্ষক শ্রমজার কারণে গ্রাথমিক বিদ্যালয়গুলোতে নানা সমস্যার সৃষ্টি হচ্ছে। আমরা এই সমস্যার সমাধানের জন্য নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার সুপারিশ করেছি। তিনি বলেন, আগামীতে সহকারী গ্রাথমিক শিক্ষকদের সরাসরি রাক্তন খাতে নিয়োগের জন্যও সুপারিশ করেছি।